ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭৩৮

বিশালগড়, ১২ নভেম্বর, ২০২৫

## সবার মধ্যে সৌভ্রাতৃত্ববোধ বজায় রাখার লক্ষ্যে সরকার কাজ করে চলেছে : উচ্চশিক্ষামন্ত্রী

ভারতবর্ষে নানা জাতি, ধর্ম, বর্ণের লোক বসবাস করলেও ঐক্য ও সংহতি বজায় রয়েছে। সবার মধ্যে সৌভ্রাতৃত্ববোধ বজায় রাখার লক্ষ্যে দেশের সরকার কাজ করে চলেছে। এর প্রতিফলনই ঘটছে আমাদের ছোট্ট রাজ্য ত্রিপুরায়। আজ সিপাহীজলা অভয়ারণ্যের মূল ফটকে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে লৌহমানব সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন একথা বলেন। তিনি বলেন, ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে এবং স্বাধীনতার পর দেশের একতা বজায় রাখার ক্ষেত্রে সর্দার বল্লভভাই প্যাটেল অসাধারণ ভূমিকা নিয়েছিলেন। তার এই ভূমিকা সম্পর্কে বর্তমান প্রজন্মকে অবহিত করতে রাজ্যের নানা প্রান্তে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। আগামী প্রজন্ম যাতে দেশের একতা ও সংহতি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় সে লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে।

স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক তফাজ্জল হোসেন, বিধায়ক অন্তরা সরকার দেব, সিপাহীজলা জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান এবং পুরপরিষদ ও নগর পঞ্চায়েতের চেয়ারপার্সনগণ, সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা, ক্রীড়া দপ্তরের উপঅধিকর্তা সমীর দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে দেশাত্মবোধক সংগীত, নৃত্য এবং বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক নাটক প্রদর্শিত হয়। অনুষ্ঠানে টি.আর.এল.এম.-এর পক্ষ থেকে ৮টি প্রদর্শনী স্টল খোলা হয়। সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আজ বিশালগড় মহকুমার রাস্তার মাথা, বাইপাস ট্রাইজংশন, বিশালগড় মোটরস্ট্যান্ড হয়ে সিপাহীজলা অভয়ারণ্যের মেইন গেট পর্যন্ত ১২ কিলোমিটারের একটি ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়।

*****